দৈনিক বাংলা

তারিখ ... ৮/৯/৯১
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং শাঃ ১২/১-১১/৯১/৭৭৮-শিক্ষা — তারিখ ঃ ঢাকা, ২৭শে আগস্ট, ১৯৯১ইং/১১ই ভাদ্র, ১৩৯৮বাং

## বিষয় ঃ ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে কমনওয়েলথ্ বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান প্রসঙ্গে।

০৭ ০৭

১৯৯২-৯৩ শিক্ষাবর্ষে কমনওয়েলথ্ বৃত্তির অধীনে যুক্তরাজ্য এবং কানাডায় নিম্নোক্ত বিষয়সমূহ স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রমিক নং | বিষয়/ক্ষেত্র | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| (১) | অর্থনীতি, কৃষি-অর্থনীতি, লোক প্রশাসন, ব্যবসায় প্রশাসন, ব্যবস্থাপনা, বিপণন, হিসাব রক্ষণ, অর্থ, ভূগোল, ইংরেজী, সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, দর্শন, ইতিহাস, ইসলামে ইতিহাস, প্রত্নতত্ত্ব, আন্তর্জাতিক সম্পর্ক, আইন, রাষ্ট্রবিজ্ঞান, সাংবাদিকতা এবং গণসংযোগ, ভাষাতত্ত্ব, চারুকলা। | এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ-সহ সম্মান অথবা মাষ্টার্স ডিগ্রীর যে কোন একটিতে ১ম শ্রেণীসহ মাষ্টার্স ডিগ্রী পাস, ব্যবসা প্রশাসন, মার্কেটিং এবং ব্যবস্থাপনা বিষয়ের জন্য আবেদনকারিগণের জিএমএটিতে অবশ্যই ভালো নম্বর থাকতে হবে। চারুকলার জন্য এসএসসি অথবা প্রাক-ডিগ্রীতে (এইচএসসি-এর সমতুল্য) অন্ততঃ একটিতে ১ম বিভাগ এবং বিএফএ অথবা এমএফএতে ১ম শ্রেণী [illegible] |
| (২) | পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা এবং ইলেক্ট্রোনিকস্ কম্পিউটার সায়েন্স, রসায়ন, ফলিত রসায়ন, জৈব রসায়ন, মৃত্তিকা বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিদ্যা, ভূ-তত্ত্ব, টিসুকালচারসহ হিষ্টোলজি, ফার্মেসী, খাদ্য প্রযুক্তি, পুষ্টিবিদ্যা, মাইক্রোবায়োলজি, মেরিন বায়োলজি, বনবিদ্যা। | মাষ্টার্স ডিগ্রী পাস। এসএসসি থেকে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত সকল পর্যায়ে ১ম শ্রেণী থাকতে হবে। বনবিদ্যার ক্ষেত্রে নিম্নতম যোগ্যতা হচ্ছে বনবিদ্যায় বিএসসি (সম্মান) এ ক্ষেত্রেও এসএসসি ও এইচএসসিতে ১ম বিভাগ থাকতে হবে। |
| (৩) | কৃষি (সকল শাখা) | এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ বিএজিতে ১ম শ্রেণী। |
| (৪) | প্রকৌশল (সকল শাখা) স্থাপত্য এবং কম্পিউটার সায়েন্স। | এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ-সহ বিএসসি (ইঞ্জিনিয়ারিং বিএসসি (স্থাপত্য)তে ১মশ্রেণী। |
| (৫) | বস্ত্র প্রযুক্তি/চর্ম প্রযুক্তি (সকল শাখা) | এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ চর্ম প্রযুক্তিতে/বস্ত্র প্রযুক্তিতে ২য় শ্রেণীর ডিগ্রী থাকতে হবে। |
| (৬) | আরবান এবং রিজিওনাল প্ল্যানিং | সিভিল ইঞ্জিনিয়ারিং অথবা স্থাপত্যবিদ্যায় ১ম শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা অর্থনীতি, সমাজতত্ত্ব বা ভূগোলে সম্মান অথবা মাষ্টার্স পর্যায়ে যে কোন একটিতে ১ম শ্রেণীসহ আরবান এণ্ড রিজিওনাল প্ল্যানিং-এ মাষ্টার্স ডিগ্রী। সকল ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ১ম বিভাগ থাকতে হবে। |
| (৭) | চিকিৎসা বিজ্ঞান (সকল শাখা) | এমবিবিএস/বিডিএস-এ কমপক্ষে ৬৫% নম্বরসহ নিয়মিতভাবে পাস। যুক্তরাজ্যস্থ জেনারেল মেডিক্যাল কাউন্সিলের নির্ধারিত যোগ্যতা থাকতে হবে। যে সকল প্রার্থী ইন্টারনীশিপের মেয়াদ পূর্ণ করেননি তাঁদের আবেদন করার প্রয়োজন নেই। উল্লেখ্য, চিকিৎসা বিজ্ঞানে কেবল যুক্তরাজ্যে এই বৃত্তি দেয়া হয়। |

২। প্রার্থীদের শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ থাকা চলবে না।

৩। ১লা জানুয়ারী, ১৯৯২ইং তারিখে প্রার্থীর বয়স ৩৫ বছরের উর্ধে হবে না।

৪। টোফেল পরীক্ষায় অন্ততঃ ৫৫০ নম্বর পেতে হবে।

৫। সদ্য তোলা পাসপোর্ট আকারের দু কপি ছবি, সকল পরীক্ষার সনদ ও নম্বরপত্র, প্রশংসাপত্র (২ সেট সত্যায়িত) ইত্যাদিসহ ইংরেজীতে নিম্নে প্রদত্ত ছকের ৭ (সাত) কপি টাইপ করিয়ে পূরণ করে সাদা কাগজে আবেদনপত্র ২৫ সেপ্টেম্বর, ১৯৯১ইং তারিখের মধ্যে সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকার নিকট পৌঁছাতে হবে।

### ছক

প্রার্থিত বিষয় ————————

| প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম এবং যোগাযোগর ঠিকানা | বয়স (১-১-৯২ইং তারিখে) | শিক্ষাগত যোগ্যতা: পাসের বছরসহ সকল পরীক্ষা পাসের বিবরণ। | শিক্ষাগত যোগ্যতা: শতকরা নম্বর (মূল নম্বরপত্র সাক্ষাৎকারের সময় প্রদর্শন করতে হবে) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

| অভিজ্ঞতা | প্রকাশনার সংখ্যা সাক্ষাৎকারের সময়ে প্রদর্শন করতে হবে। | পূর্ববর্তী বৈদেশিক প্রশিক্ষণ (যদি থাকে) এবং তা অর্থায়নের উৎস। | তারিখসহ প্রার্থীর দস্তখত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

৬। কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতিমধ্যে বিজ্ঞাপিত কোন বৃত্তির জন্য বিবেচনাধীন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

৭। খামের উপরে প্রার্থিত বিষয় ও আবেদনপত্রে অগ্রাধিকারের ভিত্তিতে দেশের নাম উল্লেখ করতে হবে।

৮। অসম্পূর্ণ দরখাস্ত বিবেচনা করা হবে না। মিথ্যা/ভুল তথ্য প্রদানকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

৯। কমনওয়েলথ্ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৃত্তি ব্যতীত এক্ষেত্রে বাংলাদেশ সরকারের কোন আর্থিক দায়-দায়িত্ব থাকবে না।

১০। সরকারী, আধাসরকারী অথবা স্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থিগণকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে ১নং বাছাই কমিটির ফর্ম যথাযথভাবে পুরণ করে আবেদন করতে হবে। অন্যথায় তাঁদের আবেদন বিবেচনা করা হবে না।

ডিএফপি(স)-৯৮৭০-২৯/৮
জি-২৬১৪

(মুজতাবা রিজওয়ান)
সহকারী সচিব
ফোন ঃ ২৩৫১১১/২১৯১